



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/28/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে COVID সম্পর্কিত আবাসিক উচ্ছেদের উপর স্বগিতাদেশ 1 জানুয়ারি, 2021 পর্যন্ত বাড়ানো হবে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে COVID-19 জনস্বাস্থ্য জরুরী অবস্থার সময় যদি তারা আর্থিক সমস্যায় ভোগেন তাহলে অতিরিক্ত আবাসিক ভাড়াটেকের উচ্ছেদ থেকে রক্ষা করতে রাজ্যের টেনেন্ট সেফ হারবার অ্যাক্ট 1 জানুয়ারি, 2021 পর্যন্ত বাড়ানো হবে। নির্বাহী আদেশটি মহামারী শুরুর আগে বিদ্যমান উচ্ছেদ পরোয়ানার জন্য টেনেন্ট সেফ হারবার অ্যাক্টের সুরক্ষা বাড়িয়ে দেয়।

"যেহেতু নিউ ইয়র্ক মহামারীর সাথে লড়াই চালিয়ে যাচ্ছে, আমরা নিশ্চিত করতে চাই যে নিউ ইয়র্কবাসী যারা এখনো অর্থনৈতিকভাবে সংগ্রাম করছে, তাদের COVID এর ফলাফলস্বরূপ তাদের বাড়ি ঘর থেকে জোর করে বের করে দেওয়া হবে না।" **গভর্নর কুওমো বলেন।** "আমরা 1 জানুয়ারি পর্যন্ত সেফ হারবার অ্যাক্টের সুরক্ষা বাড়িচ্ছি, কারণ আমরা চাই ভাড়াটেরা তাদের জীবনে মৌলিক স্থিতিশীলতা বজায় রাখতে পারে, যখন আমরা এই সংকট থেকে উৎরে ওঠার চেষ্টা করছি।"

গণস্বাস্থ্য জরুরী অবস্থার সময় কোনো ভাড়াটেকে উচ্ছেদ করা হবে না তা নিশ্চিত করতে গভর্নর কুওমো প্রথম 20 মার্চ আবাসিক এবং বাণিজ্যিক উচ্ছেদের উপর স্টেটের স্বগিতাদেশ ঘোষণা করেন। গভর্নর 30 জুন টেনেন্ট সেফ হারবার অ্যাক্টে স্বাক্ষর করেন যা অবিলম্বে কার্যকর হয় এবং সেই সাথে অতিরিক্ত আইনে স্বাক্ষর করেন যা আবাসিক ভাড়াটে এবং বাড়িওয়ালাদের আর্থিক সহায়তা প্রদান করে। উপরন্তু, পূর্ববর্তী নির্বাহী আদেশ দেরিতে ভাড়া পরিশোধের জন্য চার্জ বা ফি নিষিদ্ধ করেছে, এবং আর্থিক কষ্টের সম্মুখীন ভাড়াটেরা এখনও তাদের সিকিউরিটি ডিপোজিট পরিশোধ হিসেবে ব্যবহার করতে পারেন এবং সময়ের সাথে সাথে তাদের সিকিউরিটি ডিপোজিট আবার পরিশোধ করতে পারেন।

এই মাসের শুরুতে, COVID সম্পর্কিত বাণিজ্যিক উচ্ছেদ এবং ফোরক্লোসারের উপর রাষ্ট্রের স্বগিতাদেশ গভর্নর কুওমোর নির্বাহী আদেশ দ্বারা 20 অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়। এই পদক্ষেপ বাণিজ্যিক ভাড়াটে এবং বন্ধকী ব্যবসায়ীদের জন্য সুরক্ষা প্রদান করার জন্য বিদ্যমান পদক্ষেপকে বর্ধিত করেছে যা খুচরা প্রতিষ্ঠান এবং রেস্টুরেন্টসহ ব্যবসায়িক মালিকদের উপর মহামারীর অর্থনৈতিক প্রভাবের স্বীকৃতিস্বরূপ নেওয়া হয়। এই সুরক্ষার মেয়াদ বৃদ্ধি বাণিজ্যিক ভাড়াটে ও বন্ধককারীদের তাদের নিজেদের পায়ে দাঁড়ানোর জন্য এবং বকেয়া ভাড়া দেওয়া বা তাদের ইজারার

শর্তাবলী পুনর্বিবেচনা করার জন্য অতিরিক্ত সময় দেয় যাতে উচ্ছেদ প্রক্রিয়া এবং নিষেধাজ্ঞা এগিয়ে
যাওয়া এড়ানো যায়।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)